



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

সংহতি মিছিল চলাকালে গভর্নর কুওমো নিউ ইয়র্কের অ-সরকারি স্কুল ও সাংস্কৃতিক কেন্দ্র সহ ধর্মভিত্তিক প্রতিষ্ঠানগুলোকে সুরক্ষিত রাখার উদ্দেশ্যে 45 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত অর্থায়ন প্রদানের ঘোষণা করেন

সম্ভাব্য ঘণামূলক অপরাধের লক্ষ্য হতে পারে এরকম ধর্ম-ভিত্তিক প্রতিষ্ঠানগুলির সুরক্ষা ও নিরাপত্তা বৃদ্ধিতে সহায়তা করবে যা সম্ভাব্য ঘণা চালিত অপরাধের লক্ষ্য হতে পারে

*সম্ভাব্য ঘটনার কথা জানাতে মানুষের জন্য নতুন রাজ্য পুলিশ টিপ লাইন তৈরি করে -
1-877-NO-HATE-NY*

রাজ্য জুড়ে গোঁড়া ইহুদি এলাকায় রাজ্য পুলিশ বর্ধিত টহলদারী অব্যাহত আছে

আজকের "কোনও ঘণায় নয়। কোনো ভয় নয়।" সংহতি মিছিলে, নিউ ইয়র্ক সিটিতে, গভর্নর অ্যাঙ্কু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে বিদ্বেশমূলক অপরাধের বিরুদ্ধে নিউ ইয়র্কের ধর্মভিত্তিক প্রতিষ্ঠানগুলির জন্য, অ-সরকারি স্কুল ও সাংস্কৃতিক কেন্দ্র সহ, তাদের সুরক্ষিত রাখতে সহায়তা করার জন্য অতিরিক্ত 45 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন উপলব্ধ। নিউ ইয়র্কের বিদ্বেশমূলক অপরাধের বিরুদ্ধে সম্প্রদায়গুলিকে সুরক্ষিত রাখার অনুদান প্রোগ্রামের অধীনে (Securing Communities Against Hate Crimes Grant Program) [আবেদনের অনুরোধের](#) মাধ্যমে অর্থায়ন উপলব্ধ। 2017 সালে গভর্নর কুওমোর দ্বারা তৈরি এই কর্মসূচির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা এবং অলাভজনক দিবস পরিচর্যা কেন্দ্র, কমিউনিটি সেন্টার, সাংস্কৃতিক জাদুঘর, দিনব্যাপী শিবির এবং অ-সরকারি বিদ্যালয়গুলোর বিরুদ্ধে বিদ্বেশমূলক অপরাধ প্রতিরোধ করার জন্য অর্থ প্রদান করা হয়, যেগুলি ঝুঁকিপূর্ণ হতে পারে তাদের মতাদর্শ, বিশ্বাস বা মিশনের কারণে। কর্মসূচির জন্মলগ্ন থেকে 500-র বেশি এ ধরনের প্রকল্প রাষ্ট্রীয় অর্থায়নে 25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। গভর্নর একটি টিপ লাইন তৈরির কথা ঘোষণা করেছেন, যেখানে নিউ ইয়র্কবাসীদের কল করা উচিত যদি তাদের পক্ষপাত বা বৈষম্যের অভিজ্ঞতা হয় - 1-877-NO-HATE-NY। উপরন্তু, গভর্নর ঘোষণা করেন যে রাজ্য পুলিশ রাজ্যের বিভিন্ন প্রান্তে গোঁড়া ইহুদি এলাকায় বর্ধিত টহলদারী এবং নিরাপত্তা অব্যাহত রাখবে।

"সম্প্রতি নিউ ইয়র্ক এবং সারা দেশ জুড়ে ইহুদিবিদ্বেষী এবং অন্যান্য বিদ্বেশ-চালিত আক্রমণ বেড়ে যাওয়ায় উদ্বেগ সৃষ্টি করছে, কিন্তু আমরা তাতে ভয় পাবো না," **গভর্নর কুওমো বলেন।** "নিউ

ইয়র্কে আমরা যারা বিভাজনের এবং ভীতির বীজ বপনের চেষ্টা করে তাদের বিরুদ্ধে আমরা রুখে দাঁড়াই এবং এই নতুন অর্থায়ন ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলিকে সেই সহায়তা প্রদান করবে যা তাদের নিজেদের রক্ষা করতে এবং মানুষকে নিরাপদ রাখতে প্রয়োজন। আমরা ঘৃণা এবং অসহিষ্ণুতার ক্যাম্পারকে আমাদের দুর্বল করতে দেব না - আমরা প্রতিবার তার নিন্দা করবো যখন সেগুলি তাদের কুৎসিত মাথা চাড়া দিয়ে উঠবে।"

ঘণামূলক অপরাধের পরিসংখ্যান জাতীয়ভাবে এবং নিউ ইয়র্কে ইহুদি কমিউনিটির বিরুদ্ধে ইহুদিবিদ্বেষ ও ঘণামূলক অপরাধের উত্থানের ইঙ্গিত দেয়। গত কয়েক বছর ধরে নিউ ইয়র্কে সকল ঘণামূলক অপরাধের প্রায় অর্ধেকই ইহুদি কমিউনিটির বিরুদ্ধে হয়েছে। 27 অক্টোবর 2018 তারিখে পিটসবার্গের ট্রি অব লাইফ সিনাগগ-এ ব্যাপক গোলাগুলি এবং নিউ জার্সির জার্সি সিটির কোশার মার্কেটে সাম্প্রতিক সন্ত্রাসী হামলা, যেখানে একটি স্থানীয় সনাতন ইহুদি কলেজ ও ক্যাথলিক স্কুল বন্দুকযুদ্ধের মুখোমুখি হয়েছিল, যেখানে সহিংস উগ্রবাদ এবং ইহুদিবিদ্বেষ থেকে ইহুদি প্রতিষ্ঠানগুলোকে রক্ষা করার প্রয়োজনীয়তা লক্ষ্য করা হয়েছিল।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব বাজেট (New York State Division of the Budget) দ্বারা পরিচালিত এই অনুদান অতিরিক্ত নিরাপত্তা প্রশিক্ষণ, ক্যামেরা, দরজা-দৃঢ়করণ, উন্নত আলোকসজ্জা, অত্যাধুনিক প্রযুক্তি ও প্রত্যেক যোগ্য ফ্যাসিলিটিগুলোতে সুরক্ষা সম্পর্কিত অন্যান্য ক্ষেত্রে উন্নতিসাধনের জন্য 50,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থ প্রদান করবে। যে সমস্ত সংস্থা একাধিক ফ্যাসিলিটি পরিচালনা করে, তাদের পাঁচটি পর্যন্ত আবেদন জমা দেবার সুযোগ থাকে।

প্রোগ্রামটি গভর্নর কুওমো কর্তৃক 2017 সালের অক্টোবরে [ঘোষণা](#) করা হয়েছিল এবং নিউইয়র্কে ঘণামূলক অপরাধ মোকাবেলায় গভর্নর কর্তৃক চালু করা একটি ব্যাপক প্রচেষ্টার অংশ। নিউ ইয়র্কে পক্ষপাত-প্রণোদিত হুমকি, হয়রানি ও সহিংসতা সম্পর্কিত সাম্প্রতিক ঘটনাগুলো প্রশমিত করতে গত বছর হেট ক্রাইমস টাস্ক ফোর্স (Hate Crimes Task Force) গঠন করা হয়েছিল। টাস্ক ফোর্সের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট পুলিশ, দ্য ডিভিশন অব হিউমান রাইটস (Division of Human Rights, DHR) এবং দ্য ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services) স্থানীয় স্টেকহোল্ডার ও আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে যুক্ত করে এবং এবং ঘণা-প্রণোদিত অপরাধ ও পক্ষপাত সম্পর্কিত ধারা, কমিউনিটি দুর্বলতা এবং বৈষম্যমূলক আচরণ সনাক্ত এবং তদন্ত করার কাজ করে।

গভর্নর কুওমো একটি টেলিফোন হটলাইন এবং টেক্সট লাইন স্থাপন করেছেন যেখানে নিউ ইয়র্কবাসীরা কল করতে পারেন যদি তারা পক্ষপাত বা বৈষম্যের সম্মুখীন হন। ফোন নম্বরটি হল 1-877-NO-HATE-NY এবং হটলাইনটি খোলা আছে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)